কানাইঘাট সড়কের বাজার উচ্চ বিদ্যালয়ে জাতীয় শিক্ষক দিবস উদযাপন

কানাইঘাট প্রতিনিধি:

শিক্ষকদের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সড়কের বাজার উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মতিউর রহমান এর সভাপতিত্বে ও সিনিয়র শিক্ষক আব্দুল আহাদ ও লিটন কুমার প্রাং এর যৌথ পরিচালনায় জাতীয় শিক্ষক দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সভায় বক্তব্য রাখেন সিনিয়র শিক্ষক আব্দুল লতিফ, আব্দুন নূর,মুসলিম
উদ্দিন সুন্না,ময়নুল হক, আনোয়ার হোসেইন, মোশাররফ হোসেন,আব্দুর রউফ প্রমুখ। বক্তারা বলেন শিক্ষকরা আগামী বাংলাদেশের প্রতিচ্ছবি।সুন্দর সমাজ বিনির্মাণে সব সমস্যার যৌক্তিক সমাধান করে শিক্ষা থেকে অন্তরায়ের সব জগদ্দল পাথর সরাতে হবে। আলোকিত জাতি গঠনের মাধ্যমে আমাদের দেশ পৃথিবীর বুকে দাড়াক মাথা উঁচু করে। এটাই আমাদের প্রত্যাশা।